**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা প্রথম ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 104**

**মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

**বিভাগ – ক**

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

১। পাঠ্য পদ অবলম্বনে বিদ্যাপতির কবিকৃতির সংক্ষিপ্ত আলোচনা করো।

২। চৈতন্যচরিতামৃতের মধ্যলীলা—অষ্টম পরিচ্ছেদে রায় রামানন্দ যেভাবে সাধ্যনির্ণয় করেছেন সংক্ষেপে তার পরিচয় দাও।

৩। ভারতচন্দ্রের অন্নদামঙ্গলকাব্যে অষ্টাদশ শতাব্দীর বঙ্গদেশ তার রাজনৈতিক ও সামাজিক বাস্তবতায় জীবন্ত হয়ে উঠেছে। আলোচনা করো।

৪। 'পদ্মাবতী কাব্যটি কি ঐতিহাসিক?'— পদ্মাবতীর কাহিনি এবং লভ্য ঐতিহাসিক তথ্যের মধ্যে একটি তুলনামূলক আলোচনা ক'রে এই প্রশ্নের মীমাংসা করো।

**বিভাগ – খ**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

৫। ব্যাখ্যা লেখো:

নীরদ-নয়নে  নীর ঘন সিঞ্চনে/ পুলক-মুকুল অবলম্ব॥
স্বেদ-মকরন্দ   বিন্দু বিন্দু চূয়ত/ বিকসিত ভাবকদম্ব॥
কি পেখলুঁ নটবর গৌর কিশোর।
অভিনব হেম-   কল্পতরু সঞ্চরু/ সুরধুনিতীরে উজোর॥

৬। টীকা লেখো: 'প্রেমবিলাসবিবর্ত্ত'

৭। 'রাগাত্মিকা' ও 'রাগানুগা' ভক্তি বলতে কী বোঝ?

৮। অন্নদামঙ্গলে বর্ণিত শিব চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৯। টীকা লেখো: 'জ্ঞানদাস ও রোমান্টিকতা'

১০। জায়সীর 'পদুমাবৎ' কাব্যের সঙ্গে আলাওলের 'পদ্মাবতী' কাব্যের যে-কোনো পাঁচটি বৈসাদৃশ্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা প্রথম ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 105**

**বাংলা গদ্য ও প্রবন্ধসাহিত্যের ইতিহাস ও পাঠ**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

**বিভাগ – ক**

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

১। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে শ্রীরামপুর প্রেস মিশন এবং ফোর্ট উইলিয়াম কলেজ কীভাবে অগ্রণী ভূমিকা নিয়েছিল তা আলোচনা করো।

২। 'মনুষ্যফল' প্রবন্ধে নারীজাতি সম্পর্কে যে ধারণা ব্যক্ত হয়েছে তার পরিচয় দাও।

৩। 'শকুন্তলা' আখ্যান অনুসারে বিদ্যাসাগরের মৌলিকত্বের পরিচয় দাও।

৪। মিরন্দা এবং দেস্‌দিমনা চরিত্রের সঙ্গে শকুন্তলা চরিত্রের মিল এবং অমিল বঙ্কিমচন্দ্রের দৃষ্টিভঙ্গি অনুসরণে আলোচনা করো।

**বিভাগ – খ**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

৫। বিদ্যাসাগরের 'শকুন্তলা' আখ্যান অনুসারে অনসূয়া এবং প্রিয়ম্বদা চরিত্র দু'টির পরিচয় দাও।

৬। বাংলা গদ্য নির্মাণে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের অবদান আলোচনা করো।

৭। 'আমার দুর্গোৎসব' প্রবন্ধ অনুসরণে বঙ্কিমচন্দ্রের স্বদেশচেতনার পরিচয় দাও।

৮। মঁপাসা ও চেখফের তুলনায় ছোটগল্প নির্মাণে রবীন্দ্রনাথ কোথায় ব্যক্তিগত স্বাক্ষর রেখেছেন, তা মুজতবা আলীর প্রবন্ধ অনুসরণে ব্যক্ত করো।

৯। 'এই মৃগয়াশীল রাজার সহচর হইয়া প্রাণ গেল'- বক্তা কে? তাঁর এইরূপ উক্তির কারণ কী?

১০। 'কমলাকান্তের দপ্তর' অনুসরণে কমলাকান্তের স্বরূপ বিশ্লেষণ করো।

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা প্রথম ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 101**

**ভাষার ইতিহাস ও পরিচয়**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

## বিভাগ – ক

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

১। ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের কেন্তুম্ শাখার অন্তর্গত যে-কোনো দু'টি ভাষাবংশের পরিচয় লিপিবদ্ধ করো। ৫ + ৫

২। মাহারাষ্ট্রী প্রাকৃতের সাহিত্যিক নিদর্শন উল্লেখপূর্বক ভাষাগত বিশিষ্টতার দিকগুলি আলোচনা করো। ২ + ৮

৩। মাগধী অপভ্রংশজাত ভাষাসমূহের নাম উল্লেখ করো। ওড়িয়া ভাষার সাহিত্যিক নিদর্শন ও পাঁচটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ২ + ৩ + ৫

৪। আদিমকাল থেকে আধুনিককাল পর্যন্ত লিপিবিবর্তনের বিভিন্ন ধারাগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

৫। কোন ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের ভিত্তিতে সতম্ ও কেন্তুম্ শাখাকে পৃথগীকরণ করা হয়ে থাকে? বালতো-স্লাভিক ভাষাবংশের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১ + ৪

৬। বৈদিক সংস্কৃত ও ধ্রুপদী সংস্কৃতের পাঁচটি ভাষাতাত্ত্বিক পার্থক্য নিরূপণ করো। ৫

৭। টীকা লেখো (যে-কোনো দু'টি): নিয়া প্রাকৃত, সুতনুকা প্রত্নলেখ, পালির সাহিত্যিক নিদর্শন, প্রত্নলিপির প্রাকৃতের নিদর্শন সমূহ ২১/২ x ২ = ৫

৮। পালি ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫

৯। মিশরীয় চিত্র-প্রতীক লিপির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

১০। ব্রাহ্মীলিপি ও খরোষ্ঠীলিপির লিখন বৈশিষ্ট্যগত প্রভেদ উল্লেখ করো। অশোক-ব্রাহ্মীর সংক্ষিপ্ত আলোচনা করো। ২ + ৩

---

PG/VUJGG21/BNG-102/2022

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা প্রথম ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 102**

**প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য ও সমাজ সংস্কৃতির পরিচয়**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

**বিভাগ – ক**

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

১। সেন যুগের বাংলার সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। প্রসঙ্গত এই যুগের বাঙালি রচিত সাহিত্যের পরিচিতি মেলে ধরো। ৫ + ৫

২। মঙ্গলকাব্যের 'মঙ্গল' নামের কারণ নির্দেশ ক'রে মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো। ৪ + ৬

৩। অভিসারের সংজ্ঞা নির্দেশ ক'রে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার পদ বিশ্লেষণের মধ্য দিয়ে তাঁর শ্রেষ্ঠত্বের স্বরূপ বিচার করো। ৭ + ৩

৪। বাংলা চৈতন্যজীবনীকাব্যগুলির মধ্যে কোনটি শ্রেষ্ঠ? এর শ্রেষ্ঠত্ব এর শ্রেষ্ঠত্ব বিচার করো। ১ + ৯

**বিভাগ – খ**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

৫। বৈষ্ণবীয় 'পঞ্চরস' সম্পর্কে লেখো।

৬। টীকা লেখো: নাথ ধর্মদর্শন।

৭। মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশের গুরুত্ব বিচার করো।

৮। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে জয়দেবের প্রভাব কতখানি পড়েছে—আলোচনা করো।

৯। বাংলা সাহিত্যে আরাকান রাজসভার গুরুত্ব সম্পর্কে লেখো।

১০। ময়মনসিংহ গীতিকার প্রণয়নির্ভর গাথায় আপন স্বাতন্ত্র্যে উজ্জ্বল যে-কোনো দু'টি নারী চরিত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

---

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা প্রথম ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 103**

**প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

## বিভাগ – ক

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **১০ × ২ = ২০**

১। সমসাময়িক সমাজজীবনের ছবি কীভাবে চর্যাগানগুলিতে উঠে এসেছে, তোমাদের পাঠ্য প্রাসঙ্গিক পদগুলি অনুসরণে তার পরিচয় দাও। ১০

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাধা চরিত্রের যে বিবর্তন লক্ষ করা যায় তা কাব্যের ক্ষেত্রে কতটা প্রাসঙ্গিক হয়েছে বলে তোমার মনে হয়? ১০

৩। 'গীতগোবিন্দম্' অনুসরণে জয়দেবের কবিকৃতিত্বের পরিচয় দাও। ৫ + ৫

৪। রামচন্দ্রের জন্মবৃত্তান্ত বর্ণনা করো এবং জনক রাজার ধনুক ভাঙা পণ রামচন্দ্র কীভাবে ভঙ্গ করলেন তা রামায়ণের আদিকাণ্ড অবলম্বনে লেখো। ১০

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৫ × ৪ = ২০**

৫। উৎস নির্দেশ করে প্রাসঙ্গিক পদটি বিশ্লেষণ করো: 'তরুণ-তরণি তবই ধরণি পবন বহ খরা...'। ৫

৬। 'কাহেরে ঘিণি মেলি অচ্ছহু কীস' – আলোচ্য পদটির অন্তর্নিহিত অর্থ বিশ্লেষণ করো। ৫

৭। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে বংশীধ্বনি কীভাবে রাধার অন্তর্যন্ত্রণা বাড়িয়ে তুলেছে? ৫

৮। গীতগোবিন্দ কাব্যের দশম সর্গ অবলম্বনে রাধার প্রেম-মনস্তত্ত্বের পরিচয় দাও। ৫

৯। 'রামায়ণে'র অরণ্যকাণ্ডের অন্তর্গত সীতাহরণ প্রসঙ্গটি বর্ণনা করো। ৫

১০। টীকা লেখো: সন্ধ্যাভাষা। ৫